Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

# DU in Media

১৪ কার্তিক ১৪৩২ | 30 October 2025

## কালবেলা

### ঢাবি ব্যবস্থাপনা বিভাগের ৫৫তম ম্যানেজমেন্ট ডে

কালবেলা প্রতিবেদক ॥

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ব্যবস্থাপনা বিভাগ গতকাল টিএসসি অডিটোরিয়ামে উদযাপন করেছে তাদের ৫৫তম ম্যানেজমেন্ট ডে। উৎসবের সূচনা হয় র‍্যালির মাধ্যমে, যেখানে ব্যবসায় শিক্ষা অনুষদের ডিন, বিভাগীয় শিক্ষকবৃন্দ, প্রাক্তন ও বর্তমান শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। প্রশাসনবিষয়ক উপ-উপাচার্য অধ্যাপক ড. সায়মা হক বিদিশা কার্যক্রমের উদ্বোধন ঘোষণা করেন। দিনব্যাপী আয়োজনে অন্যতম আকর্ষণ ছিল '২১ শতকে ব্যবস্থাপনার প্রয়োজনীয়তা' শীর্ষক প্যানেল আলোচনা। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মামুন আহমেদ।

এদিন উদ্বোধন করা হয় ম্যানেজমেন্ট অ্যালামনাই অ্যাসোসিয়েশন। উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. জাহাঙ্গীর আলম চৌধুরী। উৎসবমুখর এই আয়োজনে উপস্থিত ছিলেন বিভাগের সিনিয়র শিক্ষকবৃন্দ, সম্মানিত অতিথি, প্রাক্তন শিক্ষার্থী ও স্পন্সর প্রতিষ্ঠানগুলোর প্রতিনিধি। দিনব্যাপী বিভিন্ন প্রতিযোগিতা শেষে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়। মনোমুগ্ধকর সাংস্কৃতিক পরিবেশনার মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

## The Country Today

CAMPUS CORNER



### Management Day celebrated at DU

DU Correspondent

Management Day was celebrated at Dhaka University on Wednesday through various day-long programs.

On the occasion of the day, the Department of Management of Dhaka University took up various programs. The programs included cake cutting, rally, discussion meeting, etc. Pro-Vice Chancellor (Administration), Professor Dr. Saima Haque Bidisha, who is assigned the routine duties of the Vice Chancellor of Dhaka University, inaugurated these programs as the chief guest.

The discussion was chaired by the Departmental Chairman Professor Dr. Mohammad Toufiqul Islam at the Student-Teacher Center Auditorium. Dhaka University Pro-Vice Chancellor (Education) Prof. Dr. Mamun Ahmed and Treasurer Prof. Dr. M. Jahangir Alam Chowdhury were present as the chief guests at various stages of the discussion.

Continued to page 2

### Management Day

Dean of the Faculty of Business Studies Prof. Dr. Mahmud Osman Imam, former Chairman of the Department Prof Md. Ali Akkas and former President of Bangladesh Garment Manufacturers and Exporters Association (BGMEA) Anwar-ul-Alam participated in the discussion. Assistant Professor of the Department Mrs. Nur Nahar Yasmin conducted the program.

## The Bangladesh Today



A two-day workshop titled "Television Production and Programmme Management" organized by the Department of Music, University of Dhaka, began yesterday at the R C Majumdar Arts Auditorium here.
Photo: Courtesy

### Workshop on 'Television Production, Programmme Management' begins at DU

DHAKA : A two-day workshop titled "Television Production and Programmme Management" organized by the Department of Music, University of Dhaka, began yesterday at the R C Majumdar Arts Auditorium here.

Pro-Vice Chancellor (Administration) of Dhaka University, Professor Dr. Sayema Haque Bidisha, who is currently discharging the routine duties of the Vice-Chancellor, inaugurated the workshop as the chief guest, a press release said.

Dr. Priyanka Gope, Chairman of the Department of Music, presided over the inaugural session.

During the two-day workshop, a total of eight theoretical and practical sessions will be held.

The sessions will be conducted by Ejaz Uddin Ahmed, Head of Programmes, Deepto TV; Dr. Islam Shafiq, researcher and media personality; Nahid Masud, sound designer; Syed Sabab Ali Arju, music director; Ziaul Hasan Piyal, sound engineer; Jacob Sani D'Rozario, cinematographer and Arko Suman, music producer.

# ঢাবিতে জুলাই চার্টার বাস্তবায়ন বিষয়ে ইউথ পলিসি ডায়ালগ

দৈনিক শিক্ষাডটকম প্রতিবেদক

প্রকাশিত: ২৯ অক্টোবর, ২০২৫ ০৭:৪৭ অপরাহ্ন



ছবি : সংগৃহীত

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) জুলাই চার্টার বাস্তবায়ন বিষয়ে ইউথ পলিসি ডায়ালগ অনুষ্ঠিত হয়েছে। অ্যাপ্লাইড ডেমোক্রেসি ল্যাবের উদ্যোগে এ ডায়ালগ বুধবার (২৯ অক্টোবর) সামাজিক বিজ্ঞান অনুষদ ভবনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের রুটিন দায়িত্বে নিয়োজিত প্রো-ভাইস চ্যান্সেলর প্রশাসন অধ্যাপক ড. সায়মা হক বিদিশা।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক ও অ্যাপ্লাইড ডেমোক্রেসি ল্যাবের পরিচালক মোহাম্মদ আইনুল ইসলাম। অনুষ্ঠানে বক্তব্য দেন জাতীয় ঐকমত্য কমিশনের সদস্য ড. বদিউল আলম মজুমদার ও সংবিধান বিশেষজ্ঞ ড. সুমিত বিসারিয়া। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. তৈয়েবুর রহমান এবং নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মাহবুবুর রহমান আলোচক হিসাবে উপস্থিত ছিলেন।

প্রো-ভাইস চ্যান্সেলর প্রশাসন অধ্যাপক ড. সায়মা হক বিদিশা বলেন, জুলাই আন্দোলনে তরুণদের অংশগ্রহণ দেশের রাজনৈতিক পরিবর্তনে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। যেকোনো সংস্কার ও নীতিনির্ধারণী প্রক্রিয়ায় সক্রিয়ভাবে যুক্ত হওয়ার জন্য তিনি তরুণদের প্রতি আহ্বান জানান।

ডাকসু, রাকসু, চাকসু এবং জাকসু প্রতিনিধিসহ ঢাকা বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শতাধিক শিক্ষার্থী আলোচনায় অংশ নেন।